যুগান্তর

তারিখ: 07-JUL-2015
পৃষ্ঠা: ৩ কলাম: ৪

### দ্বিতীয় তালিকা প্রকাশ

# এবারও একাদশে ভর্তির সুযোগ বঞ্চিত ৫২ হাজার শিক্ষার্থী

যুগান্তর রিপোর্ট

একাদশ শ্রেণীতে ভর্তির দ্বিতীয় মেধা তালিকা সোমবার সন্ধ্যায় প্রকাশ করা হয়েছে। এ দফায় ভর্তির সুযোগ পেয়েছে সাড়ে ১৭ হাজার শিক্ষার্থী। পাশাপাশি কলেজে বিপুলসংখ্যক আসন খালি থাকা সত্ত্বেও ভর্তির সুযোগ থেকে ছিটকে পড়ল আরও ৫২ হাজার। এসব শিক্ষার্থীকে এখন তৃতীয় তালিকার জন্য অপেক্ষা করতে হবে।

ঢাকা শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক ড. আশফাকুস সালেহীন জানিয়েছেন, বিভিন্ন কলেজে সারা দেশে এখনও ৫ লাখের বেশি আসন খালি রয়েছে। পাশাপাশি নামিদামি অনেক কলেজেও হাজার হাজার আসন শূন্য আছে। কিন্তু আমরা উপযুক্ত শিক্ষার্থী না পাওয়ায় সেখানে মনোনয়ন দিতে পারিনি। এ প্রসঙ্গে তিনি বলেন, দুই কারণে এমন হয়েছে। যেমন— এমন কলেজে আসন আছে যেখানে ভর্তির শর্ত পূরণ করা শিক্ষার্থী নেই। আবার এমনও আছে কলেজে আসন শূন্য আছে কিন্তু সেখানে আবেদন করা শিক্ষার্থী পাওয়া যাচ্ছে না।

জানা গেছে, মোট ১৭ হাজার ৬৪৭ শিক্ষার্থীকে দ্বিতীয় তালিকায় মনোনয়ন দেয়া হয়েছে। এদের মধ্যে ১০ হাজার ৬৪৭ জন নতুন করে স্থান পেয়েছে। অর্থাৎ একাদশে ভর্তির জন্য মোট আবেদনকারী ছিল ১১ লাখ ৫৬ হাজার ২২৪ জন। এর মধ্যে প্রথম তালিকায় ১০ লাখ ৯৩ হাজার ৩৭৪ জন ভর্তির জন্য মনোনীত হয়েছিল। এ হিসাবে ভর্তির সুপারিশ থেকে বাদ পড়েছিল ৬২ হাজার ৮৫০ জন। এখন প্রথম তালিকায় বাদপড়াদের মধ্যে ১০ হাজার ৬৭৪ জন দ্বিতীয় তালিকায় ভর্তির সুপারিশ পেল। ফলে এ দফায় আবারও বাদ পড়ল ৫২ হাজার ১৭৬ জন।

দ্বিতীয় এ তালিকায় ভর্তির সুপারিশ পাওয়া বাকি ৬ হাজার ৯২১ জন। এসব শিক্ষার্থী দ্বিতীয়বারের মতো ভর্তির চান্স পেল। এরা প্রথম তালিকায়ও চান্স পেয়েছিল। ভর্তি নীতিমালা অনুযায়ী তারা, চান্স পাওয়া কলেজে ভর্তি হয়েছিল। এরপর তারা ভর্তি হওয়া কলেজে পড়তে ইচ্ছুক নয় এবং (আবেদনে) নিজের পছন্দক্রমের

শিক্ষার্থী : পৃষ্ঠা ৭ : কলাম ৪

## শিক্ষার্থী : ৫২ হাজার

(৩য় পৃষ্ঠার পর)

উপরের দিকে থাকা কলেজে পড়তে চায়— এমন আবেদন করেছিল। তারই
ভিত্তিতে দ্বিতীয় তালিকায় তাদের কলেজ পরিবর্তনের (মাইগ্রেশন) এ সুযোগ দেয়া
হল। ঢাকা বোর্ডের কলেজ পরিদর্শক বলেন, প্রথম তালিকায় চান্স পাওয়ার পরও
১ লাখ ৫৬ হাজার ছাত্রছাত্রী ভর্তি হয়নি। প্রথম তালিকায় স্থান না পাওয়া
শিক্ষার্থীদের মধ্যে দ্বিতীয় দফায় সুপারিশ বঞ্চিত হয় ৫২ হাজার ১৭৬ জন। এ দুই
ক্যাটাগরির মোট ২ লক্ষাধিক শিক্ষার্থীকে নিয়ে এখন তৃতীয় তালিকা তৈরি করা
হবে। এসব শিক্ষার্থী রিলিজ স্লিপধারী হিসেবে বিবেচিত হবে। পাশাপাশি এদের
আবেদনের জন্য শূন্য আসনবিশিষ্ট কলেজের তালিকা প্রকাশ করা হবে। শিক্ষার্থীরা
ওইসব কলেজে আবেদন করতে পারবে।
ঘোষণা অনুযায়ী, এখন ২য় মেধা তালিকার শিক্ষার্থীদের আজ ও কালকের মধ্যে
ভর্তি হতে হবে। ২য় মেধা তালিকা শিক্ষার্থীদের ভর্তি শেষ হলে শিক্ষা প্রতিষ্ঠানের
(গ্রুপ, শিফট এবং ভার্সনভিত্তিক) শূন্য আসনের তালিকা অনলাইনে প্রকাশ করা
হবে। এ তালিকা দেখে বাদ উল্লিখিত ২ লক্ষাধিক শিক্ষার্থীকে নতুন করে আগামী ৯
ও ১০ জুলাই আবেদন করতে হবে। এরই ভিত্তিতে তৃতীয় তালিকা প্রকাশ করা হবে
১১ জুলাই। এদের ভর্তি ১২ জুলাই।
এরপর চতুর্থ ধাপে ভর্তি করা হবে। এ ধাপে যারা এখনও কোনো কলেজে ভর্তির
আবেদনই করেনি তারা সুযোগ পাবে। নতুন আবেদনকারী এসব ছাত্রছাত্রীকে
অনলাইনে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শূন্য আসন দেখে ১৩ থেকে ২১ জুলাইয়ের
মধ্যে অনলাইনে আবেদন করতে হবে। এদের আবেদনের ফল ২৩ জুলাই প্রকাশ
করা হবে। ২৫ ও ২৬ জুলাই বিলম্ব ফিসহ এসব শিক্ষার্থীকে ভর্তি হতে হবে।